**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে।**

শেখ হাসিনার উদ্যোগ

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩**

**Mymensingh Palli Bidyut Samity-3.**

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৩.২২৯৪

তারিখ: ১৩ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ
২৯ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্ন বর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) এবং সংশোধিত পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সহকারী ক্যাশিয়ার পদে কর্মরত প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | **ক্যাশিয়ার** | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিতভাবে কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) কম্পিউটার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অবশ্যই সক্ষম হতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজী কী স্পিড প্রতি মিনিটে ন্যূনতম যথাক্রমে ১০(দশ) ও ৩০ শব্দ মুদ্রনে সক্ষম হতে হবে।<br>ঘ) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)" এর ধারা ০৭, ১৪ ও ১৬ এবং পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এ উল্লিখিত সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>ঙ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে। |

**আবেদনের নিয়মাবলীঃ-**

প্রার্থীকে A-4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে (ক) নিজের নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) মোবাইল নম্বর (ঠ) জাতীয় পরিচয়পত্র (ড) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি, পদোন্নতির জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি, বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার/এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে) সংযোজনসহ সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার প্রদত্ত সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে অথবা না থাকে) উল্লেখপূর্বক আগামী ০৫/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় আবেদনপত্র সহ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয় তবে অত্র পবিসের ভৌগলিক এলাকায় (ময়মনসিংহ সদর আংশিক (ইউনিয়ন-অষ্টধার, কুস্টিয়া বোররচর, পরানগঞ্জ, চরঈশ্বরদিয়া, সিরতা, চরনিলক্ষীয়া), ঈশ্বরগঞ্জ, ফুলপুর, হালুয়াঘাট, ধোবাউড়া ও তারাকান্দা উপজেলা) স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না। (ক) সর্বশেষ ০৩(তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (চ) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নিবার্চনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কতৃর্ক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৩। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৪। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে।

০৫। নিবার্চনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। ক্যাশিয়ার পদে নিবার্চিত প্রার্থীকে যোগদানের সময় ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে পবিসে জমা প্রদান করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.................... পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম, কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
০৬। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
০৭। এজিএম (অর্থ/এমএস/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/এইচআর), মপবিস-৩।
০৮। ওয়েব সাইট/নোটিশ বোর্ড।
০৯। অফিস কপি/ মাস্টার কপি।

যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার